

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬২৪

৬/ নামাজের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৫৫/ ছুটে যাওয়া নামায কিভাবে ক্বাযা করা যায়।

আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ حَدَّثَنَا يَحْيَى، عَنْ يَزِيدَ بْنِ كَيْسَانَ، قَالَ حَدَّثَنِي أَبُو حَازِمٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ عَرَّسْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَلَمْ نَسْتَيْقِظْ حَتَّى طَلَعَتِ الشَّمْسُ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "لِيَأْخُذُ كُلُّ رَجُلٍ بِرَأْسِ حَتَّى طَلَعَتِ الشَّمْسُ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "لِيَأْخُذُ كُلُّ رَجُلٍ بِرَأْسِ رَاحِلَتِهِ فَإِنَّ هَذَا مَنْزِلٌ حَضَرَنَا فِيهِ الشَّيْطَانُ ". قَالَ فَفَعَلْنَا فَدَعَا بِالْمَاءِ فَتَوَضَّا أَثُمَّ صَلَّى سَجْدَتَيْنِ ثُمَّ أُقِيمَتِ الصَّلَاةُ فَصَلَّى الْغَدَاةَ .

বাংলা

৬২৪। ইয়াকুব ইবনু ইবরাহীম (রহঃ) ... আবৃ হুরায়রা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সারারাত সফর করার পর শেষরাতে অবতরণ করি এবং ঘুমিয়ে পড়ি। সূর্য উদয় না হওয়া পর্যন্ত আমাদের কারো নিদ্রাভঙ্গ হলো না। তারপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের বললেনঃ প্রত্যেকেই নিজ নিজ বাহনের লাগাম ধরে এ স্থান ত্যাগ কর। কেননা এ স্থানে শয়তান আমাদের কাছে হায়ির হয়েছে। আবৃ হুরায়রা (রাঃ) বলেনঃ আমরা এরূপই করলাম। তারপর গিয়ে রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম পানি আনিয়ে উয়্ করলেন। এরপর দূ রাক'আত ফজরের সূন্নাত আদায় করলেন। তারপর ইকামত হলে ফজরের ফর্য আদায় করলেন।

English

It was narrated that Abu Hurairah said:

"We stopped to camp at the end of the night with the Messenger of Allah (ﷺ), and we did not wake up until the sun had risen. The Messenger of Allah (ﷺ) said: 'Let each man take hold of his camel's head (and leave), for the Shaitan was here in this place with us.' We did that, then he called for water and performed Wudu', then he prayed two Rak'ahs, then the Iqamah was said and he prayed Al-Ghadah (Fajr)."



ফুটনোট

সহিহ, ইরউয়াউল গালীল হাঃ ২৬৪, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৪৪১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন